গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৫/১(২).০০৪.১৩-৬০৫ তারিখ-১৭/০৮/২০১৫ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার নিম্নের ছকে বর্ণিত কর্মকর্তা-কে Chevening Scholarship ২০১৫/২০১৬ এর অধীনে The University of Liverpool-এ LL.M in 'International Human Rights Law কোর্সে অধ্যয়নের জন্য আগামী ০১/০৯/২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্তে অর্ধগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করলোঃ-

| নং | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | বিশ্ববিদ্যালয়ের নাম | অধ্যয়নের বিষয় | মঞ্জুরকৃত শিক্ষা ছুটির মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আবু সাঈদ<br>সহকারী রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ)<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ। | The University of Liverpool | এলএল.এম. | ০১/০৯/২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত |

**শর্তসমূহ**

১। তাঁর শিক্ষা ছুটির সময়কাল কর্তব্যরত হিসাবে গণ্য হবে;
২। তিনি শিক্ষা ছুটিকালীন সময়ের বেতন ও অন্যান্য ভাতাদি স্থানীয় মুদ্রায় গ্রহণ করবেন;
৩। উক্ত বৃত্তির আওতায় তাঁর সকল শিক্ষা ব্যয় ও ভ্রমণ ব্যয়সহ আনুষাঙ্গিক ব্যয় যুক্তরাজ্য সরকারের FCO Chevening Scholarship এর আওতায় Chevening Secretariat তাদের বিধান অনুযায়ী বহন করবে। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
৪। কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে সরকার হতে অন্য কোন নির্দেশ প্রদান না করা হলে কোর্সের মেয়াদ শেষ হবার অব্যবহিত পরেই দেশে প্রত্যাবর্তন করতে হবে;
৫। সরকারের অনুমতি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তাহা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হবে;
৬। তিনি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করবার জন্য আবেদন করতে পারবেন না;
৭। বিদেশে অবস্থানকালে কোন ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(বিকাশ কুমার সাহা)
উপ-সচিব (প্রশাসন)
ফোন-৯৫৪০৮৮৬

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

নং-১০.০০.০০০০.১২৫.২৫/১(২).০০৪.১৩-৬০৫/১(১১) তারিখ-১৭/০৮/২০১৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ আবু সাঈদ, সহকারী রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৬। উপ-পরিচালক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপরের বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করতে অনুরোধ করা যাচ্ছে।)

৭। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/ ৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (তাঁর প্রেষণ ও সংযুক্তকরণ বিষয়ক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত)।

৮। ম্যানেজার, আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/ চট্টগ্রাম।

৯। ইমিগ্রেশন অফিসার, আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/ চট্টগ্রাম।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৫ম তলা, কক্ষ নং- ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।

১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৭/৮/১৫

(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব